



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট  
কাপ্তাই, রাজশাহী পাবনা জেলা।  
Web: [www.bsbi.gov.bd](http://www.bsbi.gov.bd)  
E-mail: [principal.bsbi@yahoo.com](mailto:principal.bsbi@yahoo.com)



প্রতিষ্ঠান কোড : ৭২০০৭

স্মারক নং-৫৭.০৩.৮৪৩৬.৩০১.০২.০০০৭.২২-১৮৫

তারিখ : ১৯/০৯/২০২২ইং

## “পুনঃভর্তির বিজ্ঞপ্তি”

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৫.২২.০০৯ তারিখ: ১৮ সেপ্টেম্বর, ২০২২খ্রি. মোতাবেক অত্র ইনস্টিটিউটের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব (১ম ও ২য় শিফট) পুনঃভর্তি যোগ্য শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদের পুনঃভর্তি আগামী ১০/১০/২০২২ইং তারিখ হতে ২০/১০/২০২২ইং তারিখ পর্যন্ত চলবে।

### পুনঃভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- অধ্যক্ষ বরাবর লিখিত আবেদনপত্র (বিভাগীয় প্রধানের সুপারিশসহ);
- রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;
- সর্বশেষ পর্বের প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;
- সর্বশেষ পর্বের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
- পুনঃভর্তি ফি ২০০/- জমা প্রদানের রশিদ (হিসাব শাখায় পুনঃভর্তি ফি জমা দিতে হবে)।

### পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ

- ২য় ও ৪র্থ পর্বের সকল শিক্ষার্থীদের আবশ্যিকভাবে প্রবিধান-২০১৬ অনুসরণ করতে হবে একইসাথে পরবর্তীতে ২য় পর্বের শিক্ষার্থীদের প্রবিধান-২০১৬ এর আওতায় পুনঃভর্তির কোন সুযোগ দেওয়া হবে না;
- ৬ষ্ঠ ও ৮ম পর্বে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬ (যার জন্য যেটি প্রযোজ্য) অনুসরণ করতে হবে;
- প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৪ ধারায় বর্ণিত অকৃতকার্য কোন শিক্ষার্থী ৬ষ্ঠ ও ৮ম পর্বে পুনঃভর্তি হতে চাইলে তাদের ক্ষেত্রে প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৫ ধারা মোতাবেক ৬ষ্ঠ ও ৮ম পর্বে সাময়িকভাবে অধ্যয়নের অনুমতির প্রদানের প্রমাণকসহ আবেদন করতে হবে;
- প্রবিধান ২০১০ এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬ এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ৩য় ও ৫ম পর্বে ০৪ (চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীর পরবর্তীতে সংশ্লিষ্ট পর্বে ৩য় ও ৫ম পর্বে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের পর অনুত্তীর্ণ হলে তারা পুনঃভর্তি প্রতিষ্ঠানের ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে এবং পরবর্তি পর্বে অধ্যয়নের প্রদেয় পুনঃভর্তি আদেশ বাতিল বলে গণ্য হবে এবং প্রবিধান ২০১০ এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬ এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ব্যবস্থা নিতে হবে। পুনঃভর্তি আদেশ বাতিল শিক্ষার্থীদের পরবর্তীতে সংশ্লিষ্ট পর্বে পুনঃভর্তির প্রয়োজন হলে তা সম্পূর্ণ করতে হবে;

৩৫৭ঃ

মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার  
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

ফোন নং- ০২৩৩৪৪৬১৪০৪

তারিখ : ১৯/০৯/২০২২ইং

স্মারক নং-৫৭.০৩.৮৪৩৬.৩০১.০২.০০০৭.২২-১৮৫

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইল :- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

- মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও, ঢাকা-১২০৭।
- চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- সকল বিভাগীয় প্রধান- অটো./সি.(উড)/কম্পি./ইলেক./মেকা./কনস্ট্রা./আনু., অত্র ইনস্টিটিউট।
- হিসাব রক্ষক/ক্যাশিয়ার, অত্র ইনস্টিটিউট।
- নোটিশ বোর্ড-শিক্ষায়তন/ছাত্রাবাস/ছাত্রী নিবাস, অত্র ইনস্টিটিউট।
- নথি কপি।

মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার  
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

ফোন নং- ০২৩৩৪৪৬১৪০৪

Palash